Text JC 023

সংবাদ

তারিখ ... 20 MAY 1985
পৃষ্ঠা ... 1 ... কলাম ... 5 ...

যথাসময়ে পাঠ্যবই

# কানাডা থেকে কাগজ আসছে

(বিশেষ প্রতিনিধি)

১৯৮৬ শিক্ষাবর্ষে কাগজের অভাবে যাতে প্রাথমিক বিদ্যালয়ের পাঠ্যপুস্তক মুদ্রণ ও সরবরাহে বিলম্ব না হয়, এজন্য কানাডা থেকে ৩৩শ টন কাগজ আমদানী করা হচ্ছে। ইতিমধ্যে ১১০০ টন কাগজ ঢাকায় এসে গেছে। বাকী ২২শ টন আগষ্টের আগেই ঢাকায় এসে যাবে। ইউনিসেফ কাগজের মূল্য ও পরিবহণ ব্যয় বহন করবে।

প্রাথমিক শিক্ষা পরিদপ্তরের সম্প্রতি অনুষ্ঠিত এক সভায় স্থির হয় যে, জাতীয় কারিকুলাম

(শেষ পৃঃ ৪-এর কঃ ৯)

## কাগজ আসছে

( ১ম পাতার পর )

ও টেক্সট বুক বোর্ড চলতি সনে পহেলা অক্টোবর থেকে প্রাথমিক শিক্ষা পরিদপ্তরের নিকট সেট হিসাবে বই সরবরাহ শুরু করবে এবং ১৫ই ডিসেম্বরের মধ্যে সরবরাহ সমাপ্ত করবে। বোর্ড প্রতিদিন ২ লাখ ৫০ হাজার সেট বই সরবরাহ করবে। সভায় আরো সিদ্ধান্ত হয় যে, ১৯৮৬ শিক্ষা বর্ষে শিশু শ্রেণীর পূর্বপ্রস্তুতিমূলক পাঠ্য হিসাবে একটি পুস্তক প্রণয়ন করা হবে। শিশু শ্রেণীর জন্য বিশেষভাবে প্রণীত 'আমার দেশ' ও 'এসো গণিত শিখি' এই দু'টি পুস্তকের সমন্বয়ে উক্ত পুস্তকটি লেখা হবে। জাতীয় কারিকুলাম ও টেক্সট বুক বোর্ড এ মাসের মধ্যে পুস্তকটির পাণ্ডুলিপি প্রণয়ন সমাপ্ত করবে। পুস্তকটি ৮০ পৃষ্ঠার বেশী হবে না। চলতি সনের অক্টোবরের মধ্যে বইটির ছাপার কাজ শেষ হবে।

১৯৮৬ সনে প্রথম শ্রেণীর ২ সেটে ৬২ লাখ বই, দ্বিতীয় শ্রেণীর ২৪ লাখ সেটে ৪৮ লাখ বই, ৩য় শ্রেণীর প্রতি সেটে ৭টা করে ১৫ লাখ সেটের এক কোটি ৫ লাখ বই, চতুর্থ শ্রেণীর প্রতি সেটে ৭টা করে ১৩ লাখ সেটে ৯১ লাখ বই এবং ৫ম শ্রেণীর প্রতিটি সেটে ৭টি করে ৯ লাখ সেটের ৬৩ লাখ বই এবং শিশু শ্রেণীর পূর্ব প্রস্তুতিমূলক পাঠ্য হিসাবে ১০ লাখ কপিসহ সর্বমোট ৩ কোটি ৭৯ লাখ বই ছাপা হবে। পূর্ব প্রস্তুতিমূলক পাঠ্যবই এবং প্রথম থেকে তৃতীয় শ্রেণীর পাঠ্য পুস্তকের জন্য ইউনিসেফ কর্তৃক সরবরাহকৃত কাগজ ব্যবহার করা হবে। ৪র্থ ও ৫ম শ্রেণীর পাঠ্য পুস্তক নিউজ প্রিন্টে ছাপা হবে।